# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**22 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) বিরোধীদের দুবার করে সভা ত্যাগ ও ১০ টি বিল উত্থাপনের মাধ্যমে আসাম বিধানসভার শরৎ কালীন অধিবেশন আরম্ভ।

২) সব ধরণের চাকুরীতে চা জনগোষ্ঠীর জন্য ৩ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা করা হবে বলে সভায় মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার ঘোষণা।

৩) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার তিনদিনের বরাক উপত্যকা সফরে এসে আজ শিলচরে পৌঁছে লক্ষীপুরের শিলঘাটে বরাক নদীর উপর ৩৪০ মিটার দীর্ঘ সেতুর শিলান্যাস এবং ধলাই বড়জালেঙ্গায় মডেল ডিগ্রী কলেজের ভূমি পুজো সহ অন্যান্য কার্যসূচিতে অংশগ্রহণ।

এবং

৪) রাজ্যের আইন শৃঙ্খলা রক্ষার জন্য সব স্তরের পুলিশ সহ সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব পালন করতে আসাম পুলিশ সঞ্চালক প্রধান জিপি সিং এর আহ্বান।

--------------------------------------------------------------------------------

বিরোধীদের দুবার করে সভা ত্যাগ , সভা স্থগিত প্রস্তাব উত্থাপনের মাধ্যমে আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের আজ প্রথমদিনের কার্যসূচী অনুষ্ঠিত হয় ।সভায় মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আদিবাসী ও চা জনজাতিদের সর্বাংগীন পুর্নবাসনের ক্ষেত্রে

গুরুত্বপূর্ন কিছু ঘোষনা করেন ।প্রশ্নোত্তরকাল দিয়ে আরম্ভ হোয়া অধিবেশনে মুখ্যমন্ত্রী ড: শর্মা সরকার সবধরনের চাকুরীতে এখন থেকে চা জনগোষ্ঠীর জন্য ৩ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা করার বিষয়ে ঘোষনা করেন । তিনি বলেন যে চা বাগান অধ্যুষিত অঞ্চলে ১০০ টি নতুন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও ১০ টি মহাবিদ্যালয় স্থাপন করা হবে । চা বাগান অঞ্চলের রাস্তা-ঘাটের উন্নয়নের জন্য ৯০০ কোটি টাকা ধার্য করা হয়েছে বলে তিনি জানান । মুখ্যমন্ত্রী বলেন যে চা জনজাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের গ্রহণ করা উন্নয়নমূলক প্রকল্পগুলি ছাড়া ও সরকারের অন্যান্য বিভাগে চলতি প্রকল্প ও বাধেঁর নিরীক্ষণের দায়িত্ব গ্রামরক্ষী বাহিনীকে দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

সভায় শূন্যকালে রাইজর দলের বিধায়ক অখিল গগৈ । এ আই ইউ ডি এফ এর বিধায়ক আমিনুল ইসলাম ও কংগ্রসের দেবব্রত শইকীয়া সভা স্থগিত প্রস্তাব উত্থাপন করেন ।অখিল গগৈ শিবসাগরে এক যুবতীকে অপদস্থ করা , আমিনুল ইসলাম জমি ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে মুখ্যমন্ত্রীর করা বক্তব্য ও দেবব্রত শইকীয়া স্মার্ট বৈদ্যুতিক মিটার সম্পর্কে সভাস্থগিত প্রস্তাব উত্থাপন করেন যদি ও অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারি এই তিনটি প্রস্তাব নাকচ করেন ।এই নিয়ে কংগ্রেস ও এ আই ইউ ডি এফ এর বিধায়করা প্লেকার্ড নিয়ে অধ্যক্ষের সামনে ধর্ণা দিয়ে সভা ত্যাগ করেন ।

সভায় আজ মুখ্যমন্ত্রী ড: শর্মা দ্য আসাম শিডিউল কাষ্ট এন্ড শিডিউল ট্রাইবস ( রিজার্ভেশন অফ ভেকেন্সিস ইন সার্বিসেস এন্ড পোষ্ট ) সংশোধন বিল ২০২৪ উত্থাপন করেন ।এছাড়া আসাম সরকারী ভাষা সংশোধন বিল , ২০২৪ দ্য আসাম টেনেনসি এমেন্ডমেন্ট বিল সহ মোট ১০ বিল উত্থাপন করেন ।অধিবেশন পুনরায় আগামী ২৭ শে আগষ্ট শুরু হবে । সেদিন সংকল্প প্রস্তাব ও আরো কয়েকটি বিল উত্থাপনের সম্ভাবনা রয়েছে ।২৮ সে আগষ্ট পরিপূরক মঞ্জুরির জন্য দাবীগুলির ওপর আলোচনা ও ভোটদান হবে । ৩০ শে আগষ্ট পর্যন্ত এই আধিবেশন চলবে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা তিনদিনের বরাক উপত্যকা সফরে আজ দুপুর আড়াইটায় কুম্ভীরগ্রাম বিমান বন্দরে পৌঁছে পরে লক্ষ্মীপুরের শিলঘাটে বরাক নদীর উপর ৩৪০ মিটার দীর্ঘ আর সি সি সেতুর শিলান্যাস করেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে এই সেতুটি নির্মাণের জন্য আসাম সরকার ৮৭ কোটি টাকা মঞ্জুর করেছে । আগামী ২ বছরের মধ্যে এই সেতুর কাজ সম্পূর্ণ করে তোলা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান ।এই সেতুটি লক্ষীপুর এবং সোনাইর মধ্যে আরো উন্নত সংযোগ স্থাপন করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।অনুষ্ঠানে বিধায়ক কৌশিক রাই , মিহির

কান্তি সোম ,দিপায়ন চক্রবর্তী , আহমেদ সায়েদ গোবিন্দপুরী প্রমুখ উপস্থিত ছিলেন ।এরপর  ডঃ শর্মা ধলাই বিধানসভার অর্ন্তগত বড়জালেঙ্গায় মডেল ডিগ্রী কলেজের ভূমি পূজো করেন ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাংসদ পরিমল শুক্লবৈদ্য ও উপস্থিত ছিলেন ।পরে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের  জানান যে আগামী ২০ থেকে ২৫ মাসের মধ্যে এই কলেজের নির্মাণ কাজ সম্পন্ন করা হবে । মুখ্যমন্ত্রী ধলাইয়ে হাসপাতাল , সেতু ইত্যাদি নির্মাণ করা হবে বলেও প্রতিশ্রুতি দেন ।সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে দূর্গা পূজোর আগে শিলচর ক্যাপিটেল পয়েন্ট থেকে মেডিক্যাল পর্যন্ত রাস্তা সংস্কার করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । মুখ্যমন্ত্রী  আগামী কাল হাইলাকান্দিতে গিয়ে রবীন্দ্র ভবনে  দলীয় কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবেন । এছাড়া মুখ্যমন্ত্রী আগামীকাল করিমগঞ্জেও বিভিন্ন কার্যসূচীতে অংশগ্রহণ করা সহ বদরপুর চৈতন্যনগরের জগন্নাথ আশ্রম পরিদর্শণ করবেন বলে আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন । আগামী শনিবার সকালে ডঃ শর্মার পুনরায় শিলচর এসে বেশ কয়েকটি কার্যসূচীতে যোগ দেবেন বলে জানা গেছে ।

---

রাষ্ট্রপতি শ্রী মতী দ্রৌপদী মূর্মূ আজ রাষ্ট্রপতি ভবনে আয়োজিত অনুষ্ঠানে ২০২৪ সালের জাতীয় বিজ্ঞান  পুরস্কার প্রদান করেন ।আসামের দুজন বিজ্ঞানী ড: পূরবী শইকীয়া ও ড: বাপ্পি পাল রাষ্ট্রপতির কাছ থেকে জাতীয় বিজ্ঞান পুরস্কার গ্রহণ করেন । এদিকে রাষ্ট্রপতি অধ্যাপক গোবিন্দরাজন পদ্মনাভকে ২০২৪ সালের বিজ্ঞান রত্ন পুরস্কার প্রদান করেন ।কৃষি বিজ্ঞান ক্ষেত্রে অবদান রাখার জন্য ড: অনন্তরামকৃষ্ণণকে বিজ্ঞানশ্রী সম্মান প্রদান করা হয় ।মুম্বাইর ভাবা পরমাণু গবেষণা কেন্দ্রের ড: আবেশ কুমারকে পরমাণু শক্তি ক্ষেত্রের জন্য বিজ্ঞানশ্রী পুরস্কার প্রদান করা হয় ।জীব বিজ্ঞান ক্ষেত্রে বিজ্ঞানশ্রী সম্মাণ পুণার ভারতীয় বিজ্ঞান  শিক্ষা গবেষণা প্রতিষ্ঠানের অধ্যাপক জয়ন্ত ভালচন্দ্র উদগারকে প্রদান করা হয় ।

---

আসাম পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং রাজ্যে আইন শৃঙ্খলা রক্ষার জন্য আসাম পুলিশ বদ্ধপরিকর বলে উল্লেখ করে সব স্তরের পুলিশ সহ সংশ্লিষ্ট সকলকে এই ক্ষেত্রে দায়িত্ব পালন করতে আহ্বান জানিয়েছেন ।পুলিশ সঞ্চালক প্রধান শ্রী সিং সামাজিক মাধ্যমে এই আহ্বান জানিয়ে আইন লঙ্ঘনকারী লোকেদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে বলে উল্লেখ করেন ।তিনি রাজ্যে যেকোনো ধরণের আইন লঙ্ঘনের ঘটনা সংগঠিত হলে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশের মান্ডলিক  ও জেলা পর্যায়ের সব শীর্ষ আধিকারিকদের পত্র প্রেরণ করেন ।পত্রে রাজ্যে

কিছুদিন থেকে পৃথক জনগোষ্টীর লোকেদের মধ্যে হোয়া বিবাদের পরিণতিতে বেশ কিছু অপরাধমূলক কার্যকলাপ সংগঠিত হোয়ার বিষয়ে উল্লেখ করে এই ক্ষেত্রে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন ।এছাড়া জেলা পর্যায়ের পুলিশ গোষ্ঠী , থানা পর্যায়ের নাগরিক সমিতি ও জেলা প্রশাসনকে নিয়মিতভাবে বিভিন্ন জনগোষ্টীর প্রতিনিধিদের সংগে বৈঠক অনুষ্ঠিত করে শান্তি সম্প্রীতি বজায় রাখতে পরামর্শ দেওয়া হয়েছে ।কোনো পরিস্থিতিতেই জনসাধারণ যাতে আইনের উর্দ্ধে গিয়ে কার্যকলাপ সংগঠিত  না করতে পারে সেই দিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখতে দায়িত্বে নিয়োজিত জেলা ও থানা পর্যায়ের পুলিশ আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে । যেকোনো পরিস্থিতিতে কোনো পুলিশ আধিকারিক আইন শৃঙ্খলা রক্ষায় ব্যর্থ হলে সেই আধিকারিকের বিরুদ্ধে বিহিত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে পুলিশ সঞ্চালক প্রধান সতর্ক করে দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় আজ আরোহন প্রকল্পের অধীনে জেলা পর্যায়ের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ও প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়েছে ।জেলা প্রশাসনের উদ্যোগে ও জেলা শিক্ষা বিভাগের সহযোগিতায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ সকাল সাড়ে দশটায় করিমগঞ্জ রবীন্দ্রসদন মহিলা কলেজে প্রদীপ প্রজ্জলন করে কার্যসূচীর সূচনা করেন ।অনুষ্ঠানে জেলা আয়ুক্ত শিক্ষার্থীদের ক্যারিয়ার গড়ে তুলতে নিজেদের রুচি অনুযায়ি লক্ষ্য স্থির করতে এবং লক্ষ্যে উপনীত হওয়ার জন্য মনযোগ সহকারে পড়াশোনা ও বাহ্যিক জ্ঞান আহরণ করার পরামর্শ দেন । অনুষ্ঠানে পুলিশ সুপার পার্থপ্রতীম দাস , অ্যাসিস্টেন্ট কমিশনার ও আরোহণ প্রকল্পের নোডাল আধিকারীক প্রিয়াংকা ইয়ুমনাম প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জের অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জেলার পাঁচটি হজ সেবা কেন্দ্রের নাম জানিয়েছেন । এই সেবা কেন্দ্রগুলি হচ্ছে -হজ সেবা কেন্দ্র কানিশাইল , বদরপুর এম বাজারের নিকটে এম এস কমপ্লেক্স , হজ সেবা কেন্দ্র নিলামবাজার , লঙ্গাই রোডের আইটেক কম্পিউটার , হজ সেবা কেন্দ্র রাতাবাড়ি , কাজিরবাজার জামে মসজিদের নিকটে মুজ্জাকির হোসেন , হজ সেবা কেন্দ্র পাথারকান্দি । করিমগঞ্জ জেলা হজ কমিটির গত ১৯শে অগাষ্ট অনুষ্ঠিত বৈঠকের সিদ্ধান্ত অনুসারে হজ সেবা কেন্দ্রগুলির তালিকা জানিয়ে দেওয়া হয়েছে । বিজ্ঞপ্তীতে জেলা হজ কমিটির যুগ্ম সচিব বাহার উদ্দিন চৌধুরীকে নির্বাচিত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে এবং কাছাড় ক্যান্সার হাসপাতাল , লালা এম এ সিনিয়র সেকেন্ডারী স্কুল , আসাম ড্রাগস ডিস্ট্রিবিউটর , অমৃতাঞ্জন হেলথ কেয়ারের সহযোগিতায় আজ লালা এম এ সিনিয়র সেকেন্ডারি স্কুলে প্রায় তিনশো'র বেশী ছাত্রীদের মধ্যে স্যানিটারি ন্যাপকিন বিতরণ করা সহ স্তন ক্যান্সার নিয়ে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে ।ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় উদ্দেশ্য ব্যাখ্যা করেন স্কুলের অধ্যক্ষ ডঃ সৌরভ পাল । সভায় ডাঃ সুভদ্রা গোয়ালা স্তন ক্যান্সার নিয়ে আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের কৃষি বিজ্ঞান কেন্দ্রে জেলার প্রাথমিক কৃষি ঋণ সমিতির স্টকহোল্ডারদের জন্য ১৫ দিনের ইনপুট ডিলার সার্টিফিকেট প্রশিক্ষণ কর্মসূচী আজ সমাপ্ত হয়েছে ।গত ৮ থেকে ২২ শে আগষ্ট পর্যন্ত অনুষ্ঠিত অনুষ্ঠানটি মুলত সারের ওপর আলোকপাত করে ইনপুট ডিলারদের দক্ষতা ও জ্ঞান বৃদ্ধির জন্য আয়োজন করা হয়েছিল ।সমাপ্তি অনুষ্ঠানে জেলা আয়ুক্ত মৃদুল যাদব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে আগামী রবিবার বেলা ১১ টায় করিমগঞ্জ হোলসেল কো- অপারেটিভ স্টোর্স লিমিটেডের  বার্ষিক সাধারণ সভা এবং সুবর্ণ জয়ন্তী সমারোহের সমাপ্তি অনুষ্ঠান ও স্মরণিকা প্রকাশ করা হবে ।এতে সম্পাদকের প্রতিবেদন প্রদান , অভ্যন্তরীন হিসাব পরীক্ষক নিয়োগ ইত্যাদি নিয়ে আলোচনা করা হবে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটারের সহযোগীতায় আগামী ২৭শে অগাষ্ট বদরপুর জি আর পি কলোনীর ভারত স্কাউটস এন্ড গাইড কার্যলয় প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ২৫শে অগাষ্ট শিলকুড়ির ধরমখাল চা বাগানে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় জামালপুর এফ সি ৫-১ গোলে ভাগা বাম ডেভোলাপমেন্ট দলকে পরাজিত করে কোয়াটার ফাইনালে প্রবেশ করে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় মথুরাপুর এফ সি খেলবে ডিমা রাজি ওয়ারিয়র দলের বিরুদ্ধে ।

--------------------------------------------------------------------------------